গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন
চট্টগ্রাম মহানগর কার্যালয়
জাকির হোসাইন সড়ক, খুলশী, চট্টগ্রাম ৪২০২
www.doe.bd.org

[পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি (৮) অনুসারে ছাড়পত্র নবায়ন]

নং-২২.০২.১৫০০.১৬২.৭১.১১৫.১৬- ১৮৭

তারিখ: ০৭ কার্তিক, ১৪২৪ / ২২ অক্টোবর, ২০১৭।

বিষয়ঃ ট্রাইডেন্ট সাইকেলস্ কোঃ লিঃ নামক বাইসাইকেলস প্রস্তুতকারী প্রতিষ্ঠানের পরিবেশগত ছাড়পত্র নবায়ন (শ্রেণিঃ কমলা "খ")।

আবেদনকারী প্রতিষ্ঠান ট্রাইডেন্ট সাইকেলস্ কোঃ লিঃ, প্লট নং-৩৪, সেক্টর-০৩, কেইপিজেড, চট্টগ্রামে অবস্থিত এর ১৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখের নবায়নের আবেদনসহ আনুষাঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় প্রতিষ্ঠানটির অনুকূলে এ দপ্তরের গত ২৮/১১/২০১৬ খ্রিঃ তারিখের নং-২২.০২.১৫০০.১৬২.৭১.১১৫.১৬-৭১ সংখ্যক স্মারকে জারিকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী বহাল রেখে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আগামী **২৮ নভেম্বর, ২০১৮** খ্রিঃ তারিখ মেয়াদ পর্যন্ত পরিবেশগত ছাড়পত্র নবায়ন করা হলো।

শর্তাবলী :

১. **এ ছাড়পত্র প্রতিষ্ঠানে শুধুমাত্র বাইসাইকেলের এক্সেসরিজ, এসেম্বলিং এবং প্রস্তুতকরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য হবে।**
২. প্রতিষ্ঠানের কঠিন, তরল ও বায়বীয় বর্জ্য পরিবেশ সম্মতভাবে অপসারণ করতে হবে।
৩. কারখানা চালু অবস্থায় প্রতি ০৬ (ছয়) মাস অন্তর অর্থাৎ বছরে ০২(দুই) বায়ু ও শব্দের গুনগতমান বিশ্লেষণ ফলাফল অত্র দপ্তরে দাখিল করতে হবে।
৪. প্রতিষ্ঠানের শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।
৫. **কারখানার কার্যক্রম দ্বারা জনস্বার্থের ক্ষতি হলে তজ্জন্য ক্ষতিপূরণ দিতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর না থাকলে এবং এর ফলে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতি হলে Polluters Pay Principle অনুসারে ক্ষতিপূরন ধার্য করা হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ক্ষতিপূরন দিতে হবে।**
৬. মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদন করতে হবে।
৭. পরিবেশগত ছাড়পত্রের মূলকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টীম, পরিদর্শক ও পরিদর্শনের ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তাগণ কারখানা পরিদর্শনকালে ছাড়পত্র/নবায়নপত্র প্রর্দশন এবং প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শনে সহযোগিতা করতে হবে।

২২/১০/২০১৭

(মোঃ আব্দুর রহমান মল্লিক)
পরিচালক
ফোন: ২৫৬৬৬৯৬

জনাব ফ্যান জুই ল্যান
মালিক/সত্ত্বাধিকারি
ট্রাইডেন্ট সাইকেলস কোম্পানী লিমিটেড;
প্লট নং-৩৪, সেক্টর-০৩, কেইপিজেড, চট্টগ্রাম।